অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

2023 অর্থবছরের বাজেটে 31.5 বিলিয়ন ডলারের স্কুল এইড সহ শিক্ষা খাতে নজিরবিহীন সহায়তা প্রদানের জন্য গভর্নর হোকলের ঘোষণা

স্কুল এইড 2.1 বিলিয়ন ডলার বৃদ্ধি করা হয়েছে, যা স্টেটের ইতিহাসে সর্বোচ্চ অনুদানের স্তর

চার বছর বয়সী শিশুদের প্রি-কিন্ডারগার্টেনের জন্য 125 মিলিয়ন ডলার বৃদ্ধি

শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য একাডেমিক ও মানসিক স্বাস্থ্য সহায়তা প্রদানের জন্য 100 মিলিয়ন ডলার

প্রতিবন্ধী শিশুদের শিক্ষাদানের জন্য 240 মিলিয়ন ডলার বৃদ্ধি এবং অর্থায়নের ক্ষেত্রে অসাধারণ নমনীয়তা

SUNY ও CUNY ক্যাম্পাসগুলোর জন্য 2.2 বিলিয়ন ডলারের নতুন মূলধন

SUNY ও CUNY এর কার্যক্রম পরিচালনায় সহায়তার জন্য নতুন করে 500 মিলিয়ন ডলার

খণ্ডকালীন শিক্ষার্থীদের জন্য 150 মিলিয়ন ডলারের টিউশন সহায়তা

গভর্নর ক্যাথি হোকল আজ 2023 অর্থবছরের বাজেটে শিক্ষা খাতের উল্লেখযোগ্য দিকগুলো ঘোষণা করেছেন। এ বছরের বাজেটের অংশ হিসেবে এই ঐতিহাসিক পরিকল্পনার মধ্যে স্কুল বর্ষ 2023-এর জন্য মোট 31.5 বিলিয়ন ডলারের স্কুল সহায়তা, যা এখন পর্যন্ত স্কুল সহায়তার সর্বোচ্চ স্তর, এবং উচ্চতর শিক্ষায় সহায়তার জন্য 8.2 বিলিয়ন ডলার বরাদ্দ রাখা হয়েছে।

"একটি মানসম্মত শিক্ষা অর্জনের সুযোগ পাওয়া বহু নিউ ইয়র্কবাসীর জন্য সমস্যার মোক্ষম সমাধান হিসেবে ভূমিকা রাখবে," **বলেছেন গভর্নর হোকল।** "এই বাজেটে আমরা আমাদের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এবং আমাদের শিক্ষকদের জন্য বিনিয়োগ করার মাধ্যমে আমাদের স্টেটের লোকজনের উন্নয়নের জন্য উচ্চতর শিক্ষার ক্ষমতাকে কাজে লাগাতে যাচ্ছি। সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্টুয়ার্ট-কাজিন্স ও স্পিকার হিয়েস্টির সাহায্যের সৌজন্যে, এই

নজিরবিহীন মাত্রার অর্থায়ন নিউ ইয়র্কে সুযোগ-সুবিধার অ্যাক্সেস সম্প্রসারণ করবে এবং ভবিষ্যতের শিক্ষা ব্যবস্থা গড়ে তুলবে।"

ঐতিহাসিক শিক্ষা তহবিল

এবারের স্টেট বাজেটে মহামারী চলাকালীন সময়ের মধ্যে শিক্ষার্থী, শিক্ষক, ও স্কুলগুলোর চাহিদাগুলো পূরণের জন্য বাড়তি তহবিল ও পরিষেবা প্রদানের মাধ্যমে শিক্ষার প্রতি গভর্নর হোকলের শক্তিশালী অঙ্গীকারবদ্ধতার প্রতিফলন ঘটেছে। এই বাজেটে 2023 স্কুল বর্ষের জন্য মোট 31.5 বিলিয়ন ডলারের স্কুল সহায়তা প্রদান করা হচ্ছে যা এখন পর্যন্ত স্কুল সহায়তার সর্বোচ্চ পরিমাণ। এই বিনিয়োগের মধ্যে ফাউন্ডেশন সহায়তা 1.5 বিলিয়ন ডলার বা 7.7 শতাংশ বৃদ্ধি সহ 2022 স্কুল বর্ষের তুলনায় এক বছরে 2.1 বিলিয়ন ডলার বা 7.2 শতাংশ বৃদ্ধি অন্তর্ভুক্ত রয়েছে, যা পুরোপুরি ফাউন্ডেশন সহায়তা প্রদান করার জন্য গভর্নর হোকলের তিন-বছরব্যাপী অঙ্গীকারের দ্বিতীয় বছরের প্রতিনিধিত্ব করে।

সর্বজনীন প্রি-কিন্ডারগার্টেন

এই প্রণীত বাজেটে উচ্চ মানের প্রি-কিন্ডারগার্টেনের জন্য স্টেটের বিনিয়োগ 125 মিলিয়ন ডলার বা 13 শতাংশ বৃদ্ধি করে 1.1 বিলিয়ন ডলারে উন্নীত করা হয়েছে। এই তহবিল ব্যবহার করে স্কুল ডিস্ট্রিক্টগুলো স্টেটব্যাপী চার-বছর-বয়সী প্রায় 17,500 বাড়তি শিশুর জন্য উচ্চ-মানসম্মত, পূর্ণ-দিনের প্রি-কিন্ডারগার্টেনের অ্যাক্সেস প্রদান করতে সক্ষম হবে।

বিশেষ শিক্ষা সহায়তা

গভর্নর হোকল অনুমোদিত বিশেষ শিক্ষার স্কুলগুলোর জন্য নতুন তহবিল হিসেবে বাড়তি 240 মিলিয়ন ডলার এবং উল্লেখযোগ্য নমনীয়তাও প্রদান করছেন। প্রতিবন্ধী শিশুদের শিক্ষার জন্য এই নতুন তহবিলের মাধ্যমে শিক্ষার্থীদের চাহিদা পূরণের জন্য এসব স্কুলে অধিকতর আর্থিক ও কার্যপরিচালনাগত নমনীয়তার সুযোগ তৈরি হবে। এই উদ্যোগ আমাদের সবচেয়ে অরক্ষিত শিশুদের শিক্ষা অর্জন করার পদ্ধতিতে রূপান্তরমূলক পরিবর্তন নিয়ে আসবে।

একাডেমিক ও মানসিক স্বাস্থ্য সহায়তা

এই স্টেট বাজেটে কোভিড-19 মহামারীর ফলে তৈরি হওয়া মানসিক আঘাত মোকাবেলার জন্য শিক্ষার্থীদের সুস্থতা ও শিক্ষার ক্ষতি মোকাবেলার জন্য সর্বোচ্চ প্রয়োজন থাকা স্কুল ডিস্ট্রিক্ট ও BOCES-এর জন্য দুই বছর ব্যাপী প্রদানের জন্য 100 মিলিয়ন ডলারের ম্যাচিং তহবিল অন্তর্ভুক্ত রয়েছে। এর মধ্যে বর্ধিত স্কুল দিবস বা স্কুল বর্ষের কর্মসূচি, স্কুল শেষের পর হওয়া কর্মসূচি, মানসিক স্বাস্থ্য পেশাজীবী ও স্থানীয়ভাবে নির্ধারণকৃত অন্যান্য উদ্যোগের জন্য সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে।

শিক্ষকদের নিয়োগ ও প্রশিক্ষণ

এই বাজেটে শিক্ষকদের কর্মীদল সম্প্রসারণ করার পাশাপাশি অন্যান্য ক্যারিয়ারের পেশাজীবীদের শিক্ষক হয়ে উঠার উপায়গুলো সম্পর্কিত নতুন উদ্যোগসমূহের জন্য তহবিল অন্তর্ভুক্ত রয়েছে।

এই বাজেটে স্কুলগুলোতে শীঘ্রই আরো বেশি শিক্ষক নিয়ে আসার জন্য এবং একই সাথে তাদের ক্যারিয়ার শুরু করার সময়ে সহায়তা ও প্রশিক্ষণের অধিকতর সুযোগ-সুবিধা প্রদানের জন্য স্টেট শিক্ষকদের জন্য রেসিডেন্সি কর্মসূচি তৈরি করা হয়েছে। এছাড়াও অন্যান্য ক্যারিয়ারের পেশাজীবীদের জন্য শিক্ষকতার পেশা বেছে নেওয়াকে সহজতর করা ও আরো বেশি আবেদনময় করে তোলার জন্য স্টেট শিক্ষকদের বিকল্প সনদপ্রাপ্তির কর্মসূচিসমূহ, যেমন নিউ ইয়র্ক সিটি টিচিং কোলাবোরেটিভ (New York City Teaching Collaborative) সম্প্রসারণ করবে। শিক্ষক হতে আগ্রহী ব্যক্তিরা উচ্চ-চাহিদা রয়েছে এমন স্কুল ডিস্ট্রিক্টগুলোতে তাদের শিক্ষানবিশ সময় পার করবেন এবং একই সময়ে তাদের স্ব স্ব বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করবেন।

এই বাজেটে বর্তমান প্যারাপ্রফেশনাল ও টিচিং অ্যাসিস্ট্যান্টদের দক্ষতা উন্নয়নের উদ্যোগসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের স্কুলগুলোতে 100,000-এরও বেশি সংখ্যক প্যারাপ্রফেশনাল ও টিচিং অ্যাসিস্ট্যান্ট রয়েছেন—এটি এমন এক সংখ্যা যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এই বাজেটে শিক্ষকতার ডিগ্রি অর্জনের জন্য স্কুল ডিস্ট্রিক্টে কর্মরত রয়েছেন এমন প্যারাপ্রফেশনালদের জন্য অনুদান প্রদান করা হবে। স্কুল ডিস্ট্রিক্টগুলোকে অবশ্যই প্রার্থীদের সাথে পেশাজীবী মেন্টরদের জোড়বদ্ধ করে দিতে হবে।

কর্মীদল শক্তিশালী করার জন্য এবং শিক্ষক সংকট মোকাবেলার জন্য, এই বাজেটে নির্দিষ্ট কিছু অবসর গ্রহণকারীর জন্য আয়ের সীমা সাময়িকভাবে মওকুফ করে দেওয়া হবে। নিউ ইয়র্ক স্টেটে 169,000 জন অবসরপ্রাপ্ত শিক্ষক রয়েছেন, যাদের মধ্যে অনেকেই বর্তমান পেনশন সীমা মওকুফ করা হলে শিক্ষকতায় ফিরে আসতে আগ্রহী হবেন। নির্দিষ্ট কিছু অবসরপ্রাপ্ত ব্যক্তির জন্য 35,000 ডলারের সীমা প্রত্যাহার করে নেওয়া হবে, শিক্ষকদের ও অন্য স্কুল কর্মীদের কর্মীদলে যোগ দেওয়ার জন্য প্রণোদনা প্রদান করা হবে।

সবুজ শিক্ষা

স্কুলগামী বয়সের নিউ ইয়র্কবাসীদের জন্য বায়ুর মান উন্নত করতে, এই স্টেট বাজেটে 2027 সালের মধ্যে ক্রয়কৃত সকল নতুন স্কুল বাস শূন্য-নির্গমনকারী হওয়া এবং 2035 সালের মধ্যে সড়কে চলাচলকারী সব স্কুল বাস শূন্য-নির্গমনকারী হওয়া আবশ্যক করেছে। শূন্য-নির্গমনকারী বাস এবং চার্জিং স্টেশন সহ সংশ্লিষ্ট চার্জিং অবকাঠামো ক্রয়ের জন্য সহায়তা করতে এই স্টেট বাজেটে পরিবেশ বন্ড আইনের মাধ্যমে 500 মিলিয়ন ডলার প্রদান করা হবে। সেইসাথে, স্কুল ডিস্ট্রিক্টগুলোর এই লক্ষ্য পূরণে সাহায্য করার জন্য স্টেট বাজেটে ডিস্ট্রিক্টগুলোকে 12 বছরের জন্য শূন্য-নির্গমনকারী বাসগুলো লিজ নেয়া বা অর্থায়নের অনুমোদন রাখা হয়েছে, যা বর্তমানের ডিজেল-চালিত বাসগুলোর জন্য পাঁচ বছরের সীমার চেয়ে দ্বিগুণেরও বেশি, এবং শূন্য-নির্গমনকারী বাস ও সংশ্লিষ্ট চার্জিং অবকাঠামোর জন্য পরিবহন সহায়তা প্রদান নিশ্চিত করা হয়েছে।

এই বাজেট নিউ ইয়র্কের স্কুলগুলোতে পরিবেশগত স্থায়ীত্ব নিয়ে আসার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারের সাথে যোগ হচ্ছে। "নির্মল পানি, নির্মল বায়ু ও সবুজ কর্মসংস্থানের জন্য পরিবেশগত বন্ড আইন" এর অধীনে নির্মল সবুজ স্কুল উদ্যোগ 1,000 এরও বেশি সরকারি স্কুলে সেবা প্রদান করবে এবং প্রায় 1 মিলিয়নেরও বেশি শিক্ষার্থীকে উপকৃত করবে। এই কর্মসূচির আওতায় উল্লেখযোগ্য অবকাঠামো উন্নয়ন সম্পন্ন করা হবে, যেমন জিওথার্মাল হিটিং ও কুলিং, সৌরশক্তি, সবুজ ছাদ, এবং ভবনের ভেতরে বায়ুর মান রক্ষা/ভেন্টিলেশন। এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ শুধু স্টেটের অর্থনীতিকে উন্নতই করবে না, বরং যথাযথ সংস্থান না পাওয়া সরকারি স্কুলগুলোতে নির্মল জ্বালানি ও একটি অধিকতর স্বাস্থ্যকর ইনডোর পরিবেশ নিয়ে আসার মাধ্যমে জলবায়ু ন্যায়বিচারকে এগিয়ে নেবে।

SUNY ও CUNY-এর কার্যক্রম পরিচালনায় সহায়তা

গভর্নর হোকল SUNY ও CUNY-এর কার্যক্রম পরিচালনায় সহায়তার জন্য 500 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ প্রদান করছেন। এই রূপান্তরমূলক বৃদ্ধির মধ্যে উভয় ব্যবস্থার জন্য অর্থ এবং স্টেটব্যাপী শিক্ষার্থীদের জন্য আরো উন্নত সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে। এর মধ্যে রয়েছে তিনটি SUNY টিচিং হাসপাতালের জন্য 68 মিলিয়ন ডলারের এককালীন ঋণ পরিষেবা রিলিফ।

নতুন ফ্যাকাল্টি

এই স্টেট বাজেটে চার-বছর মেয়াদী কলেজ ও কমিউনিটি কলেজ উভয়টির জন্য বাড়তি সংখ্যক পূর্ণকালীন ফ্যাকাল্টি নিয়োগ দানের জন্য SUNY ও CUNY-কে 106 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে—প্রতিটির জন্য 53 মিলিয়ন ডলার। এই বিনিয়োগ SUNY ও CUNY-তে বাড়তি সংখ্যক পূর্ণকালীন ফ্যাকাল্টি নিয়োগের জন্য অর্থায়ন করবে এবং সেইসাথে সহযোগী ফ্যাকাল্টিদেরকে পূর্ণকালীন ফ্যাকাল্টিতে পরিণত করার জন্য CUNY-এর পরিকল্পনায় সহায়তা করবে। সেইসাথে, এই বাজেটে SUNY ও CUNY-এর কর্মীদের অন্যান্য বাড়তি সুবিধা প্রদানের তহবিল 110 মিলিয়ন ডলার বৃদ্ধি করা হয়েছে।

কৌশলগত বিনিয়োগ

এই বাজেটে এককালীন কৌশলগত বিনিয়োগের জন্য 100 মিলিয়ন ডলার বরাদ্দ রাখা হয়েছে—60 মিলিয়ন ডলার SUNY-এর জন্য এবং 40 মিলিয়ন ডলার CUNY-এর জন্যে—যা একাডেমিক কর্মসূচির উন্নয়ন, ভর্তি বৃদ্ধি, শিক্ষার্থী সহায়তা পরিষেবা সমৃদ্ধ করা এবং কার্যক্রম পরিচালনার আধুনিকায়নের জন্য ব্যয় হবে।

SUNY ও CUNY-এর ফ্যাসিলিটিগুলোর জন্য নতুন মূলধন সহায়তা

এই বাজেটে SUNY ও CUNY-তে মূলধন প্রকল্পগুলোর জন্য স্টেটের অর্থায়নে বরাদ্দের জন্য 2.2 বিলিয়ন ডলার বিনিয়োগ করা হচ্ছে—SUNY-এর স্টেট পরিচালিত ক্যাম্পাসগুলোর জন্য 1.2 বিলিয়ন ডলার, CUNY-এর সিনিয়র কলেজগুলোর জন্য 879 মিলিয়ন ডলার, এবং স্টেটব্যাপী কমিউনিটি কলেজগুলোর জন্য 102 মিলিয়ন ডলার।

খণ্ডকালীন TAP

গভর্নর হোকল স্বীকার করেন যে বহু শিক্ষার্থীর জন্য চাকরি বা পরিবারের মতো অন্যান্য চ্যালেঞ্জের কারণে পূর্ণকালীনভাবে উচ্চতর শিক্ষা অর্জন সম্ভব নয়। তিনি আরো স্বীকার করেন যে বহু শিক্ষার্থীর বর্তমান ক্যারিয়ার উন্নত করার জন্য কার্যকর প্রশিক্ষণ কোর্সের অ্যাক্সেস প্রয়োজন। এই সমস্যা সমাধানের জন্য, ডিগ্রি-প্রার্থী কর্মসূচিগুলোতে এবং কমিউনিটি কলেজে ডিগ্রিবিহীন প্রশিক্ষণ কর্মসূচিতে খণ্ডকালীন শিক্ষার্থীদের জন্য গভর্নর খণ্ডকালীন টিউশন সহায়তা কর্মসূচি (Tuition Assistance Program, TAP) সম্প্রসারণের জন্য 150 মিলিয়ন ডলার বরাদ্দ প্রদান করছেন।

কমিউনিটি কলেজগুলোতে সহায়তা
ভর্তি কমে যাওয়ার কারণে 80 মিলিয়ন ডলারেরও বেশি আর্থিক ক্ষতি থেকে কমিউনিটি কলেজগুলোকে রক্ষা করার জন্য এই বাজেটে একটি তহবিলের ব্যবস্থা রাখা হয়েছে

শিক্ষার্থীদের জন্য কর্মসূচির সুযোগ-সুবিধা সম্প্রসারণ
একাডেমিক ও অর্থনৈতিক চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া শিক্ষার্থীরা যাতে সফল হওয়ার সুযোগ লাভ করতে পারে তা নিশ্চিত করতে, গভর্নর উচ্চতর শিক্ষার সুযোগ দেওয়া কর্মসূচি ও প্রশিক্ষণ কেন্দ্রগুলোর জন্য প্রদানকৃত তহবিল 30 মিলিয়ন ডলার বৃদ্ধি করেছেন।

ক্যাম্পাসে চাইল্ড কেয়ার সম্প্রসারণ
অবশিষ্ট সকল SUNY ও CUNY ক্যাম্পাসে চাইল্ড কেয়ার সেন্টার প্রতিষ্ঠার জন্য গভর্নর স্টার্ট-আপ তহবিল হিসেবে 15.6 মিলিয়ন ডলার প্রদান করছেন। এই উদ্যোগ আরো বেশি সংখ্যক ব্যক্তির জন্য উচ্চতর শিক্ষার সুযোগ ব্যাপকভাবে বৃদ্ধি করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418